

## Official Spokesperson's response to media queries on the incident of desecration of the sanctity of Gurudwara Shri Darbar Sahib in Pakistan

November 30, 2021

### পাকিস্তানে অবস্থিত শ্রী দরবার সাহিব গুরুদোয়ারা অপবিত্র করার ঘটনা সম্পর্কে সংবাদ মাধ্যমের জিজ্ঞাসায় সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

নভেম্বর 30, 2021

পাকিস্তানে অবস্থিত শ্রী দরবার সাহিব গুরুদোয়ারা অপবিত্র করার ঘটনা সম্পর্কে সংবাদমাধ্যমের জিজ্ঞাসার উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচি বলেন:

"পাকিস্তানের কারতারণপূর্বে একজন পাকিস্তানি মডেল এবং একটি পোষাকের ব্র্যান্ড দ্বারা শ্রী দরবার সাহিব গুরুদোয়ারা অপবিত্র করার ঘটনায় ভারতের গভীর উদ্বেগ জানানোর জন্য পাকিস্তানের চার্জ দ্য অ্যাফেয়ারকে আজ ডেকে পাঠান হয়েছিল।

তাকে জানান হয়েছে যে এই ঘটনা ভারত ও বিশ্বের শিখ সম্প্রদায়ের ভাবাবেগকে গভীরভাবে আঘাত করেছে। সংখ্যালঘু সম্প্রদায়ের ধর্মীয় স্থান অপবিত্র করার এবং অশ্রদ্ধা করার এই ধরণের ঘটে চলা ঘটনা পাকিস্তানে অন্য সব সম্প্রদায়ের বিশ্বাসের প্রতি অশ্রদ্ধার মনোভাবকেই তুলে ধরেছে।

আরও জানানো হয়েছে যে আমরা আশা করি পাকিস্তানের কর্তৃপক্ষ আন্তরিকভাবে এই ঘটনার তদন্ত করবে এবং এই ঘটনায় যুক্তদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেবে।"

**নিউদিল্লি**

**নভেম্বর 30, 2021**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.